

এই প্রোগ্রাম সম্বন্ধে আরও জানার জন্য এখানে যান: <https://otda.ny.gov/programs/Emergency-Rental-Assistance/>

ERAP কাকে বলে? ERAP হ'ল নিউইয়র্ক স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিসেবিলিটি অ্যাসিস্ট্যান্স পরিচালিত একটি প্রোগ্রাম, যা মার্চ 13, 2020 তারিখ পর্যন্ত বকেয়া ভাড়া ও উটিলিটি বাবদ অর্থ পরিশোধ করতে সহায়তা করে।

যদি আপনি ভাড়াটে হন, এবং যদি আপনার ভাড়া বাকি থাকে, তবে আপনি গত 12 মাস অবধি বকেয়া ভাড়া এবং আপনার ইউটিলিটি সংস্থার বকেয়া বিল, যদি বাকি থাকে, পরিশোধ করার জন্য আবেদন করতে পারেন। ভাড়া এবং ইউটিলিটিগুলির বিল মার্চ 13, 2020-এর পর থেকে বকেয়া থাকতে হবে।

এই প্রোগ্রামের জন্য আবেদন করতে আপনার কোনও ইজারা থাকার প্রয়োজন হবে না। এই প্রোগ্রামে আবেদন করার জন্য আপনার কোনও আবাসন আদালতের মামলায় জড়িত থাকার প্রয়োজন নেই।

যে ভাড়াটেকদের পুরানো ভাড়া বকেয়া আছে, তারা পুরানো বকেয়ার সাথে সাথে ভবিষ্যতের ভাড়া পাওয়ার ক্ষেত্রেও সহায়তা পেতে পারেন। ভবিষ্যতের ভাড়া পাওয়ার যোগ্যতা অর্জনের জন্য, আপনাকে অবশ্যই এমন একজন হতে হবে যিনি উপার্জনের 30 শতাংশ নিয়মিতভাবে ভাড়া হিসাবে দিয়ে থাকেন। ভবিষ্যতের ভাড়ার জন্য সহায়তা প্রদান তিন মাসের মধ্যে সীমাবদ্ধ।

আপনার অভিবাসনের স্থিতি নির্বিশেষে আপনি প্রোগ্রামের জন্য আবেদন করতে পারেন।

সহায়তা পাওয়ার জন্য আমি কীভাবে যোগ্যতা অর্জন করব?

(সর্বাধিক গুরুত্বপূর্ণ বিষয় হ'ল সহায়তা পাওয়ার জন্য আপনার ভাড়া বকেয়া থাকতে হবে।)

আপনি সহায়তা পেতে পারেন কিনা তা বোঝার জন্য দুটি প্রশ্ন আছে।

1) আমার উপার্জন খুব কম কি?

2) COVID চলাকালীন সময়ে আমার উপার্জন হ্রাস পেয়েছে কি, অথবা আমার ব্যয় খুব বেশি বৃদ্ধি পেয়েছে কি?

আমার উপার্জন খুব কম কি?

আপনার উপার্জনের হিসাব করবার জন্য আপনাকে আপনার সমগ্র পরিবারের উপার্জন এবং কর কেটে নেওয়ার আগের উপার্জন (মোট উপার্জন, কর কাটার পরে বাড়িতে নিয়ে যাওয়া উপার্জন নয়) হিসাবের মধ্যে রাখতে হবে।

- এছাড়াও, আপনি 2020 সালের সমগ্র উপার্জন, অথবা যে মাসে আপনি আবেদন জমা দিয়েছেন সেই মাসের উপার্জন (আপনার মাসিক উপার্জন x 12 মাস) বিবেচনা করতে পারেন। নীচের তালিকাটি বিভিন্ন

পরিবারের আকার অনুযায়ী উপার্জনের স্তর দেখাচ্ছে। যদি আপনার মোট উপার্জন তালিকাটির সংখ্যাটিতে অথবা তার নীচে থাকে তবে আপনি যোগ্য হবেন। (পরিবারের সদস্য সংখ্যা 6-এর বেশি হলে [এখানে](#) পরামর্শ করুন):

HH আকার	1 ব্যক্তির HH	2 ব্যক্তির HH	3 ব্যক্তির HH	4 ব্যক্তির HH	5 ব্যক্তির HH	6 ব্যক্তির HH
মোট উপার্জন	\$66,850	\$76,400	\$85,950	\$95,450	\$103,100	\$110,750

- উপার্জনের মধ্যে কী কী গণ্য হয় সে সম্পর্কে আরও তথ্যের জন্য কল করুন: 1-844-NY1-RENT (1-844-691-7368)

আমার কি অসচ্ছলতার অভিজ্ঞতা হয়েছে?

- অসচ্ছলতার উদাহরণগুলি:
 - আনএমপ্লয়মেন্ট ইন্সুরেন্স বেনিফিট (UIB) প্রাপ্তি;
 - উপার্জন হ্রাস;
 - নিজের অথবা পরিবারের কোনও একজন সদস্যের COVID-19 রোগাক্রান্ত হওয়ার কারণে যন্ত্র নেওয়া বাবদ খরচ, চিকিৎসার জন্য খুচরা ব্যয় সমেত;
 - পরিবারের একজন সদস্যের মৃত্যুর কারণে ব্যয়;
 - বিদ্যালয় বন্ধ থাকার কারণে শিশুদের যত্নের জন্য অতিরিক্ত ব্যয়।

আমি কখন আবেদন করব?

যত শীঘ্র সম্ভব আপনার আবেদন করা উচিত। (আবেদন শুরুর তারিখ জুন 1, 2021) আপনার আবেদন করা শুরু করা, এবং তারপরে আপনি তা সম্পূর্ণ না করলেও তা সংরক্ষণ করা গুরুত্বপূর্ণ। আপনি যখন আপনার আবেদনটি সংরক্ষণ করবেন তখন আপনাকে একটি আবেদনের নম্বর দেওয়া হবে। এই নম্বরটি নিশ্চিতভাবে সংরক্ষণ করবেন, যাতে বিরাম নেওয়ার প্রয়োজন হলে পরে ফিরে এসে আবার আবেদনটি নিয়ে কাজ করতে পারেন।

আবেদন করার সময়ে আপনার যদি সহায়তার প্রয়োজন হয় তাহলে NYC-তে এমন সংগঠন আছে যারা আপনাকে সহায়তা করতে পারবে। বকেয়া অথবা পুরানো ভাড়া সংক্রান্ত বিষয়ে সহায়তার জন্য 311-তে কল করুন। আপনি NY স্টেট ERAP হেল্পলাইনকে এখানে 1-844-NY1-RENT (1-844-691-7368) কল করতে পারেন।

আপনি যদি এই প্রোগ্রামের জন্য আবেদন করেন, এবং আপনার ভাড়ার অর্থ প্রদান করা হয়, তবে আপনি কিছু সময়ের জন্য উচ্ছেদ হওয়া থেকে রক্ষা পাবেন। আপনি যখন এই প্রোগ্রামে আবেদন করে একটি সিদ্ধান্তের জন্য অপেক্ষা করছেন, সেই সময়ে আপনার বাড়ির মালিক আপনাকে উচ্ছেদ করতে পারবেন না।

যদি আমি মার্চ 13, 2020-এর আগের সময় থেকে অর্থ পরিশোধ করা বাকি রেখে থাকি, অথবা 12 মাসের বেশি

পুরানো ভাড়া বকেয়া থাকে, তাহলে কী হবে?

ERAP-এর অধীনে না থাকা অর্থ পরিশোধের জন্য আপনি হয়তো শহরকে ওয়ান-শট ডিল অনুদানের জন্য আবেদন করতে সক্ষম হতে পারবেন। অবশ্য শহরটিতে প্রথমে আপনাকে ERAP প্রোগ্রামে আবেদন করতে হবে।

অতিরিক্ত সহায়তার জন্য:

1. NY স্টেট ERAP হেল্পলাইনকে 1-844-NY1-RENT (1-844-691-7368) নম্বরে কল করুন
2. পুরানো ভাড়া অথবা বকেয়া ভাড়া সংক্রান্ত বিষয়ে সহায়তার জন্য 311 নম্বরে কল করুন। আবেদন করতে সহায়তা করার জন্য আপনার সাথে কারুর যোগাযোগ করিয়ে দেওয়া হবে।